দৈনিক সংবাদ

তারিখ 22 JAN 1996
পৃষ্ঠা 2 কলাম ১

### এসোসিয়েশন নেতৃবৃন্দের ৬ দফা দাবি

# দেশে ৬ হাজার কিন্ডারগার্টেনে শিক্ষার্থীর সংখ্যা ১০ লাখ

(নিজস্ব বার্তা পরিবেশক)

বাংলাদেশ কিন্ডারগার্টেন এসোসিয়েশন তাদের ৯ দফা বাস্তবায়নের দাবি জানিয়েছে। গতকাল রোববার স্থানীয় একটি হোটেলে এসোসিয়েশন আয়োজিত সাংবাদিক সম্মেলনে এ দাবি জানানো হয়। এই সম্মেলনে কিন্ডারগার্টেন এসোসিয়েশনের মহাসচিব মোঃ নূরুজ্জামান কায়েস তার লিখিত বক্তব্যে ডঃ খান মোহাম্মদ সিরাজুল ইসলামের একটি জরিপের উল্লেখ করে বলেন, এই জরিপ রিপোর্টে বলা হয়েছে দেশে ২০ হাজার কিন্ডারগার্টেনে ৩-লাখ ছাত্রছাত্রী রয়েছে। যারা নানাবিধ মানসিক সমস্যায় আক্রান্ত। এর ফলে অনেকে মাদকাসক্ত হয়ে পড়ছে। জরিপের এই বক্তব্য উদ্দেশ্যপ্রণোদিত ও মিথ্যা আখ্যায়িত করে মহাসচিব তার লিখিত বক্তব্যে বলেন, দেশে বর্তমানে ৬ হাজার কিন্ডারগার্টেনে ১০ লাখ ছাত্রছাত্রী পড়াশোনা করছে।

এসোসিয়েশন যে ৯ দফা দাবি জানায় সেগুলো হলো বিনা মূল্যে বই প্রদান, সহজ শর্তে রেজিস্ট্রেশন প্রদান, আলাদা বোর্ড গঠন, কিন্ডারগার্টেন স্কুলের শিক্ষকদের জন্য সরকারিভাবে প্রশিক্ষণ কেন্দ্র স্থাপন, ছাত্রছাত্রীদের সরাসরি সরকারি বৃত্তি পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ প্রভৃতি।

সাংবাদিক সম্মেলনে উপস্থিত ছিলেন, সংগঠনের চেয়ারম্যান খন্দকার রইস-উল-আলম, কো-চেয়ারম্যান মোঃ ফারুক আহমেদ ভাইস চেয়ারম্যান খন্দকার হাফিজুর রহমান সাইদ, আক্তার হোসেন খান বাদশা প্রমুখ।

SHEET ___ OF ___ SHEETS